

সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবিতে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও সেবা ক্যাম্প অনুষ্ঠিত

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (নোবিপ্রবি) প্রাইম ব্যাংক ফাউন্ডেশন ও প্রাইম ব্যাংক আই হাসপিটালের উদ্যোগে বিনামূল্যে চক্ষু চিকিৎসা ও সেবা ক্যাম্প অনুষ্ঠিত হয়েছে। আজ সোমবার (২ ডিসেম্বর ২০২৪) বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত দিনব্যাপী এ কর্মসূচিতে বিশেষজ্ঞ চক্ষু চিকিৎসকদের মাধ্যমে বিনামূল্যে চক্ষু সেবা প্রদান করা হয়। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেবা কার্যক্রমের উদ্বোধন করেন।

উদ্বোধনকালে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল বলেন, আজকের সেবা ক্যাম্পের মাধ্যমে আমাদের শিক্ষার্থী, শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীসহ স্থানীয় জনগণ তাদের দোরগোড়ায় বিনামূল্যে চক্ষু সেবা গ্রহণের সুযোগ পেল। প্রাইম ব্যাংক ফাউন্ডেশন ও প্রাইম ব্যাংক আই হাসপিটালের এ উদ্যোগ প্রশংসনীয়। আয়োজকদের বিশেষ ধন্যবাদ জানাই। নোবিপ্রবিতে এ ধরনের সেবা কার্যক্রম ভবিষ্যতেও চলমান থাকবে বলে আশাবাদ ব্যক্ত করছি।

এ সময় অন্যান্যের মাঝে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য অধ্যাপক ড. মোহাম্মদ রেজওয়ানুল হক, প্রাইম ব্যাংক ফাউন্ডেশনের প্রোগ্রাম অফিসার জাহাঙ্গীর আলম, প্রাইম ব্যাংক আই হাসপিটালের কো-অর্ডিনেটর মেহতাজ ইকবাল খান ও বিজনেস ডেভেলপমেন্ট অফিসার শরীফ তৌফিক ইমাম।

উল্লেখ্য, চক্ষু চিকিৎসা ও সেবা ক্যাম্পে চিকিৎসা গ্রহণের জন্য চার শতাধিক রোগী নিবন্ধন করেন। ক্যাম্পে আসা রোগীদের চিকিৎসকগণ রোগের ধরন অনুযায়ী পরামর্শ প্রদান করেন। পাশাপাশি যেসব রোগীর চোখে ছানি রয়েছে তাদের পরবর্তীতে বিনামূল্যে অস্ত্রোপচার করা হবে। নোবিপ্রবির মেডিকেল সেন্টার উক্ত কর্মসূচি বাস্তবায়নে সহযোগিতা প্রদান করে।

ইফতেখার হোসাইন

সহকারী পরিচালক (তথ্য ও জনসংযোগ)

মোবা- ০১৭৩৩৯৯৮৮৯৪